28

01 MAR 1996

আজকের কাগজ

তারিখ 01 MAR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৩

বিসিএস পরীক্ষা

## চট্টগ্রামের সময়সূচিতে পরিবর্তন ।। বাদবাকি যথাসময়ে হবে

কাগজ প্রতিবেদক ঃ হরতালের কারণে চট্টগ্রামের ১৭তম বিসিএস পরীক্ষার সময়সূচি আংশিক পরিবর্তন করা হয়েছে। আগামী ২ এবং ৩ মার্চ এর সাধারণ জ্ঞান ঃ প্রাথমিক গণিত ও দৈনন্দিন বিজ্ঞান এবং সমাজকল্যাণ/সমাজ কর্ম ও মনোবিজ্ঞান বিষয়ের পরীক্ষাসমূহ অনিবার্য কারণবশত স্থগিত ঘোষণা করা হয়েছে। চট্টগ্রাম কেন্দ্রের স্থগিত পরীক্ষাসমূহের পরিবর্তিত সময়সূচি শিগগিরই জানানো হবে। ৪ মার্চ থেকে চট্টগ্রাম কেন্দ্রে অনুষ্ঠিতব্য অন্যান্য বিষয়ের পরীক্ষা পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী যথারীতি অনুষ্ঠিত হবে। তবে মার্চ থেকে ঢাকা, রাজশাহী এবং খুলনা কেন্দ্রে অনুষ্ঠিতব্য সকল বিষয়ের পরীক্ষা ইতপূর্বে ঘোষিত সময়সূচি অনুযায়ী যথরীতি অনুষ্ঠিত হবে। তবে পরীক্ষার এই পরিবর্তিত সময়সূচি নিয়ে বিভ্রান্তিতে পড়েছেন পরীক্ষার্থিরা। যেহেতু অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়, সেহেতু দু'জায়গায় দু'সময়ে পরীক্ষা গ্রহণ কিভাবে সম্ভব হবে। আর যদি চট্টগ্রামের জন্যে আলাদা প্রশ্নপত্র করা হয়। তাহলে সে ক্ষেত্রেও প্রশ্ন রয়েছে। দু'ধরনের প্রশ্নপত্র পরীক্ষা গ্রহণ করে অভিন্ন মেধাক্রম তৈরির বিষয়টিও ঘোলাটে। সে কারণে বিভ্রান্ত পরীক্ষার্থিরা এ নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ব্যাখ্যা চেয়েছেন।